প্রার্থনা

ওঁ সহ নাববতু। সহ নৌ ভুনক্তু।
সহবীর্য্যং করবাবহৈ। তেজস্বি নাবধীতমস্তু
মা বিদ্ধিষাবহৈ।
ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ।

(কৃষ্ণযজুর্বেদীয় শান্তিবচন)

বঙ্গানুবাদ

ঈশ্বর আমাদিগাকে (আচার্য ও শিষ্যকে) সমভাবে রক্ষা করুন। আমাদের উভয়কে অধীত বিদ্যার ফলভোগে সমর্থ করুন। আমরা উভয়ে যেন ওজস্বী হই অধীত বিদ্যা যেন আমাদের জীবনে তেজস্কর (কার্যকরী) হয়। পরস্পরের প্রতি আমরা যেন বিদ্বেষ ভাব পোষণ না করি। শান্তি... শান্তি... শান্তি.... (আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক .... সর্বপ্রকার বিঘ্ন উপশান্ত হইয়া পরিপূর্ণ শান্তি বিরাজ করুক)

সোমবার	ঃ	শিব সঙ্গীত
মঙ্গলবার	ঃ	মাতৃ সঙ্গীত
বুধবার	ঃ	শ্রী শ্রীরামকৃষ্ণ সঙ্গীত
বৃহস্পতিবার	ঃ	শ্রীশ্রীমা
শুক্রবার	ঃ	শ্রীমদ্ স্বামীজী সঙ্গীত



THE CONSTITUTION OF INDIA
PREAMBLE

We the people of INDIA, having solemnly resolved to constitute India in to a SOVEREIGN SOCIALIST SECULAR DEMOCRATIC REPUBLIC and to secure to all its citizens:JUSTICE, social, economic and political;LIBERTY of thought, expression, belief, faith and worship;EQUALITY of status and of opportunity; and to promote among them all FRATERNITY assuring the dignity of the individual and the until and integrity of the nation;IN OUR CONSTITUENT ASSEMBLY this twenty sixth day of November, 1949, do HEREBY ADOPT, ENACT AND GIVE TO OUR SELVES THIS CONSTITUTION.

ভারতের সংবিধান প্রস্তাবনা

"আমরা ভারতের জনগণ, ভারতকে সার্বভৌম, সমাজতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক, সাধারণতন্ত্র রূপে গড়ে তুলতে এবং তার সকল নাগরিককে যাতে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ন্যায়বিচার, চিন্তা, মতামতপ্রকাশ, বিশ্বাস, ধর্ম এবং উপাসনার স্বাধীনতা, সামাজিক প্রতিষ্ঠা অর্জন ও সুযোগের সমতা প্রতিষ্ঠা এবং তাদের সকলের মধ্যে ব্যক্তির মর্যাদা এবং জাতীয় ঐক্য ও সংহতি নিশ্চিত করার মাধ্যমে তাদের মধ্যে ভ্রাতৃত্ব গড়ে তোলার ভার গড়ে ওঠে, তার জন্য সত্য নিষ্ঠার সঙ্গে শপথ গ্রহণ করে, আমাদের গণ পরিষদে আজ, ১৯৪৯ সালের ২৬শে নভেম্বর, এতদ্বারা এই সংবিধান গ্রহণ, বিধিবদ্ধ এবং নিজেদের অর্পণ করছি।"

Aims of the school

Swami Vivekananda used to Say that education is the Panacea of all Social evils. But by education he did not mean merely book learning. He said, "we must have life. -building, man making, character-making, assimilation of idea." And added, " what we want is increased, the intellect is expanded and by which one can stand on one's feet." This is the ideal of education. Keeping in mind this precious words of Swamiji, we have been trying to implement this teaching in SHREE RAMAKRISHNA ASHRAMA SIKSHATIRTHA the aim of the institution is to lay a good education foundation by giving individual attention.

স্বামী বিবেকান্দ বলেছিলেন শিক্ষাই সকল সামাজিক কুফলের নিরাময় । কিন্তু শিক্ষা বলতে তিনি নিছক বই শিক্ষার কথা বলেননি, তিনি বলেছেন, আমাদের অবশ্যই জীবন গড়তে হবে, চরিত্র তৈরী করতে হবে, মানুষ তৈরী করতে হবে, ধারনার আত্তীকরণ। আমরা যা চাই তা হল শিক্ষা, যা চরিত্র গঠন করে, মনের শক্তি বৃদ্ধি পায়, বুদ্ধি সম্প্রসারিত করে। এবং যার দ্বারা কেউ নিজের পায়ে দাঁড়াতে পারে। এটিই হল আদর্শ শিক্ষা। স্বামিজীর এই অমূল্য বাণীকে মাথায় রেখে শ্রী রামকৃষ্ণ আশ্রম শিক্ষাতীর্থে এই শিক্ষাই কার্যকর করার চেষ্টা করে চলেছি। প্রতিষ্ঠানের উদ্দেশ্য হল ব্যক্তিগত মনযোগ দিয়ে একটি ভাল শিক্ষাগত ভিত্তি স্থাপন করা।



শুধু বড়ো লোক হয়োনা বড় মানুষ হয়।
... স্বামী বিবেকানন্দ

আমার শিক্ষাব্রত

স্বামীজী বলেছেন, – "ধর্ম মানে চরিত্র, সেটাই প্রকৃত শক্তি।" আমাদের বিদ্যালয়ের প্রধান উদ্দেশ্য চরিত্র গঠন।

আমি এখানে এসেছি সত্যিকারের মানুষ হতে। এই উদ্দেশ্যকে সফল করার জন্য সত্য, স্বাধ্যায় ও সেবা, এ তিনটি সংকল্পবাক্য গ্রহণ করেছি। নীচে লেখা কর্মসূচী মেনে চলব ও নিষ্ঠার সঙ্গে পালন করব। এই কথা সপ্তাহে অন্ততঃ একবার পড়ব, যাতে না ভুলে যাই।

১। নির্দিষ্ট সময়ে ঘুম থেকে উঠব ও সময়মত শুতে যাব।

২। সকালে নিয়মিত শরীরচর্চা করব এবং বিকালে খেলাধুলা করব।

৩। আমার ঘরের জিনিসপত্র সাজিয়ে গুছিয়ে রাখব, পরিষ্কার-পরিচ্ছন্ন রাখব। আমার ঘরের দেওয়াল ও মেঝে ঝকঝকে পরিষ্কার রাখব।

৪। প্রত্যেকদিন সংবাদপত্র পড়ব। নিয়মিত সহজ কোন ধর্ম পুস্তক পাঠ করব। এছাড়া পাঠ্যতালিকার বহির্ভূত ভালো বই পড়ব।

৫। যে কাজই করি না কেন খুব মন দিয়ে করব। সুন্দর হস্তাক্ষরে লিখব। স্পষ্ট উচ্চারণে কথা বলব।

৬। আমি শ্রদ্ধাবান ও বীর্যবান হব। আমি জানি আত্মবিশ্বাস সব উন্নতির মূল। যা কিছু শ্রেয়ঃ তার প্রতি আমার অকুণ্ঠ শ্রদ্ধা থাকবে। আমার নিজের জীবনের আদর্শ হিসেবে কোন একজন মহান পুরুষের জীবন ও বাণী অনুসরণ করব।

৭। শৃঙ্খলা ছাড়া ছাত্রজীবন অর্থহীন। সুশৃঙ্খল জীবন গড়ে তোলার জন্য বিদ্যালয়ের নিয়মকানুন মেনে চলব, গুরুজনদের নির্দেশ পালন করব।

৮। প্রত্যেক সহপাঠীই আমার বন্ধু। তাদের বিপদে সহায় হব, তাদের সুখে আনন্দ করব। গুরুজনদের ভক্তিশ্রদ্ধা করব।

৯। স্বামীজী বলেছেন- "জীবে প্রেম করে যেইজন, সেইজন সেবিছে ঈশ্বর।" এই কথা মনে রেখে সুযোগ পেলেই আমি দুঃস্থ দরিদ্র ও পীড়িতদের সেবা করব।

১০। সমবেত প্রার্থনায় নিয়মিত যোগদান করব এবং সকলের মঙ্গলের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করব। প্রার্থনার শেষে কিছু সময় একাগ্রচিত্তে ঈশ্বরচিন্তা করব।

প্রত্যেক ছাত্র-ছাত্রীকে

১। বিদ্যালয়ের নির্দিষ্ট ইউনিফর্ম পরে আসতে হবে।

২। ময়লা জামা-প্যান্ট পরে আসবে না।

৩। নানারকম টুপি, মাথায় ফিতে ইত্যাদি পরে আসবে না।

৪। সময়মত স্কুলে আসবে নতুবা ক্লাসে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।

৪। সময়মত স্কুলে আসবে নতুবা ক্লাসে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।

৫। ঘণ্টা পড়ার সঙ্গে সঙ্গেই প্রার্থনাগৃহে এসে সুশৃঙ্খলভাবে নির্দিষ্ট সারিতে দাঁড়াবে এবং প্রার্থনা শেষে সারিবদ্ধভাবে শ্রেণীকক্ষে প্রবেশ করবে।

৬। স্কুল বসার আগে খেলাধূলা করবে না এবং টিফিনে খেলাধূলার সময় জামা-প্যান্ট যাতে নোংরা না হয় সে দিকে লক্ষ্য রাখবে। টিফিন সমাপ্তির ঘণ্টা পড়ার পর সব ছাত্র-ছাত্রী ক্লাসে ঢুকে যাবে নতুবা ক্লাসের বাইরে থাকতে হবে।

৭। একটা পিরিয়ড শেষ ও আর একটা পিরিয়ড শুরু হওয়ার মধ্যে কোন ছাত্র-ছাত্রী ক্লাসের বাইরে বা বারান্দায় ঘোরাঘুরি করবে না।

৮। পরের পিরিয়ডে শিক্ষক বা শিক্ষিকার অনুমতি ব্যতিত কোন ছাত্র-ছাত্রী বাথরুমে বা অন্যত্র যাবে না।

৯। যেখানে সেখানে খাবারের অবশিষ্টাংশ, পলিথিন, নানারকম প্যাকেট, কলার খোসা ইত্যাদি ফেলবে না। আবর্জনা ফেলার নির্দিষ্ট পাত্রে ফেলবে।

১০। গান, পিটি, কালচারাল, শ্রীশ্রী ঠাকুর, শ্রীশ্রীমা ও শ্রীমদ্ স্বামীজীর ক্লাসে সারিবদ্ধভাবে যাতায়াত করবে। ছুটির সময়ও সারিবদ্ধভাবে যাবে।

১১। পড়াশুনা ও অন্যান্য বিষয়ে জানতে বা জানাতে চাইলে শ্রেণী শিক্ষক বা শিক্ষিকার সঙ্গে যোগাযোগ করবে।

১২। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে স্কুলের নিয়ম কানুন মেনে চলতে এবং শৃঙ্খলা পরায়ণ হতে হবে।

শিক্ষার্থীদের অভিভাবক/অভিভাবিকাদের জ্ঞাতার্থে জানানো হচ্ছে

- তাঁরা যেন বিদ্যালয় চলাকালীন বিদ্যালয়ের পরিবেষ্টিত স্থানে প্রবেশ না করেন। কোনো সমস্যা বা কিছু জানাবার প্রয়োজন হলে নির্দিষ্ট সাক্ষাতের দিনে শ্রেণি শিক্ষক / শিক্ষিকার সঙ্গে যোগাযোগ করবেন।
- ছেলে মেয়েদের নির্দিষ্ট পোষাকে পরিস্কার- পরিচ্ছন্নভাবে স্কুলে পাঠাবেন।
- পাশে শ্রেণিকক্ষ থাকায় বসার জায়গার (**Wating Room**) সুস্থ পরিবেশ বজায় রাখবেন ও নীরবতা পালন করবেন।
- বিদ্যালয়ের সদর ফটকের সামনে / উভয় পার্শ্বে কখনোই স্কুল বসার পূর্বে, টিফিনে, ছুটির সময় কালক্ষেপ করবেন না।
- যেখানে সেখানে খাবারের অবশিষ্টাংশ, পলিথিন, নানা রকম প্যাকেট, কলার খোসা, মাটির ভাঁড়, ডাবের খোলা ইত্যাদি ফেলবেন না। আবর্জনা ফেলার নির্দিষ্ট পাত্রে ফেলবেন।
- ছাত্র-ছাত্রী, শিক্ষক- শিক্ষিকা সম্পর্কে কিছু জানার অথবা জানাবার থাকলে প্রধান শিক্ষকের সঙ্গে দেখা করে আপনার বক্তব্য জানালে খুশি হব।
- রামকৃষ্ণ মঠ ও মিশনের ভাবধারায় বিশ্বাসী অভিভাবক / অভিভাবিকাবৃন্দই কেবল এই বিদ্যালয়ে ছেলেমেয়েদের পড়াতে পারেন অন্যথায় তারা ছেলেমেয়েদের অন্যত্র নিয়ে যেতে পারেন।
- অভিভাবক সভায় অবশ্যই যোগ দিন। আপনার সন্তানের মূল্যায়নের উপর নজর রাখুন।
- আপনার পুত্র বা কন্যা রুটিন অনুযায়ী বিদ্যালয়ের পড়া করছে কিনা সেই বিষয়ে নজর দিন।
- প্রত্যহ কিছু সময় সন্তানের সঙ্গে সময় কাটান ও ঠাকুর, মা, স্বামীজী-র আদর্শে অনুপ্রাণিত করার চেষ্টা করুন। এতে আপনার সন্তানের মানসিক বিকাশ ঘটবে।
- শিক্ষক - শিক্ষিকা, গুরুজনদের সমালোচনা কখনোই আপনার সন্তানের উপস্থিতিতে করবেন না।
- আশাকরি বিদ্যালয়ের প্রচলিত নিয়ম ও সুস্থ পরিবেশ সর্বত্র রাখবেন।

২০২৬ শিক্ষাবর্ষে (বাংলা মাধ্যম) ইনফ্যান্ট থেকে নবম শ্রেণির ভর্তি সম্পর্কিত তথ্য :

বয়সের যোগ্যতা ঃ-


ইনফ্যান্ট	—	যাদের বয়স ৩ থেকে ৪ বছরের মধ্যে।
কে. জি. ওয়ান	—	যাদের বয়স ৪ থেকে ৫ বছরের মধ্যে।
কে. জি. টু	—	যাদের বয়স ৫ থেকে ৬ বছরের মধ্যে।
প্রথম শ্রেণী	—	যাদের বয়স ৬ থেকে ৭ বছরের মধ্যে।
দ্বিতীয় শ্রেণী	—	যাদের বয়স ৭ থেকে ৮ বছরের মধ্যে।
তৃতীয় শ্রেণী	—	যাদের বয়স ৮ থেকে ৯ বছরের মধ্যে।
চতুর্থ শ্রেণী	—	যাদের বয়স ৯ থেকে ১০ বছরের মধ্যে।
পঞ্চম শ্রেণী	—	যাদের বয়স ১০ থেকে ১১ বছরের মধ্যে।
ষষ্ঠ শ্রেণী	—	যাদের বয়স ১১ থেকে ১২ বছরের মধ্যে।
সপ্তম শ্রেণী	—	যাদের বয়স ১২ থেকে ১৩ বছরের মধ্যে।
অষ্টম শ্রেণী	—	যাদের বয়স ১৩ থেকে ১৪ বছরের মধ্যে।
নবম শ্রেণী	—	যাদের বয়স ১৪ থেকে ১৫ বছরের মধ্যে।

ভর্তির পরীক্ষা ও ভর্তির তারিখ ঃ-

২০২৭ সেশনে **KG-I** থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তির জন্য পরীক্ষা নেওয়া হবে। আগামী ৫ ই সেপ্টেম্বর'২০২৬ থেকে ৭ ই নভেম্বর'২০২৬ পর্যন্ত **Form** নেওয়া ও জমা দেওয়া যাবে। মেধা পরীক্ষার তারিখ **Admit Card** -এ উল্লেখ থাকবে। মেধা পরীক্ষার ফল প্রকাশের ৭ দিনের মধ্যে সফল ছাত্র-ছাত্রীদের ভর্তি হতে হবে।

"যারা তোমাকে বলে, 'তুমি পারোনা বা
তুমি পারবেই না', তারা সম্ভবত সেইসব লোক
যারা ভয় পায় এই ভেবে যে, তুমি পারবে।"

— এ. পি. জে. আব্দুল কালাম



ভর্তি পরীক্ষার পাঠ্যক্রম


কেজি ওয়ান : অ থেকে ঔ, ক থেকে ম, ১ থেকে ২০, 1 to 20, A to M পর্যন্ত লেখার যোগ্যতা থাকতে হবে। নিজের নাম, পিতা মাতার নাম ও ঠিকানা সঠিক বলতে হবে। মা সারদার যেকোন একটি বাণী বলতে হবে।

কেজি টু : সকল বাংলা বর্ণ, ১ থেকে ১০০, 1 to 100, A to Z (Capital & Small) লেখার যোগ্যতা সহ কেজি ওয়ানের পাঠ্য ও সহায়ক পুস্তকের বিষয় সূচি অনুসরণ করতে হবে। রামকৃষ্ণ ও মা সারদার একটি করে বাণী বলতে হবে।

প্রথম শ্রেণী : কেজি টু এর পাঠ্য পুস্তকের বিষয়সূচী প্রধানত অনুসরণ করতে হবে। বিশেষ ভাবে - (ইংরেজি ও গণিত)। নিজের নাম, পিতা-মাতার নাম ঠিকানা পরিচ্ছন্ন ভাবে লেখার যোগ্যতা থাকতে হবে। ঠাকুর মা স্বামীজীর একটি করে বাণী বলার দক্ষতা থাকতে হবে।

দ্বিতীয় শ্রেণী : প্রথম শ্রেণীর পাঠ্য পুস্তকের বিষয়সূচী প্রধানত অনুসরণ করতে হবে। বিশেষ ভাবে -(বাংলা, ইংরেজি ও গণিত)। নিজের নাম, পিতা-মাতার নাম ঠিকানা পরিচ্ছন্ন ভাবে লেখার যোগ্যতা থাকতে হবে। ঠাকুর মা স্বামীজীর একটি করে বাণী বলার দক্ষতা থাকতে হবে।

তৃতীয় শ্রেণী : দ্বিতীয় শ্রেণীর পাঠ্য পুস্তকের বিষয়সূচী প্রধানত অনুসরণ করতে হবে। বিশেষ ভাবে -(বাংলা, ইংরেজি ও গণিত)। ঠাকুর মা স্বামীজীর একটি করে বাণী বলার দক্ষতা থাকতে হবে।



"জীবনের কোন লক্ষ্য নাই অথচ শিক্ষা আছে,
ইহার কোন অর্থই নাই।"

.....বিশ্বকবি

ভর্তি পরীক্ষার পাঠ্যক্রম


চতুর্থ শ্রেণী : তৃতীয় শ্রেণীর পাঠ্য পুস্তকের বিষয়সূচী প্রধানত অনুসরণ করতে হবে। বিশেষ ভাবে -(বাংলা, ইংরেজি ও গণিত)। ঠাকুর মা স্বামীজীর একটি করে বাণী বলার দক্ষতা থাকতে হবে।

পঞ্চম থেকে অষ্টম শ্রেণীতে ভর্তির জন্য পূর্ববর্তী শ্রেণীর অংক, ইংরেজী ও সাধারন জ্ঞানের পরিক্ষা নেওয়া হবে। ঠাকুর মা স্বামীজীর দুটি করে বাণী লিখতে হবে।

বিদ্যালয়ের পঠন-পাঠনের সময়

- ইনফ্যান্ট থেকে ক্লাস টেন পর্যন্ত — সকাল ১০ঃ৫০ — ৪ ঃ১০

  বিদ্যালয়ের প্রয়োজনে সময় পরিবর্তন হতে পারে।



যদি সত্যিই মন থেকে কিছু করতে চাও তাহলে পথ পাবে, আর যদি না চাও তাহলে অজুহাত পাবে।

.....স্বামী বিবেকানন্দ



ছাত্রাবাসের নিয়মাবলী

১। পিতা মাতা বা অভিভাবককে বিদ্যালয় অফিস থেকে ছাত্রাবাসের ফর্ম সংগ্রহ করে প্রয়োজনীয় নথী সহ সঠিকভাবে ফর্ম পূরণ করে অফিসে জমা দিতে হবে।

২। ছাত্রাবাসে থাকার অনুমতি পেলে ছাত্রাবাসের ভর্তি ফি সহ প্রথম মাসের বেতন জমা করতে হবে।

৩। ছাত্রাবাসের মাসিক বেতন চলতি মাসের ৭ তারিখের মধ্যে জমা দিতে হবে।

৪। ফর্মে যে তিন জন ব্যক্তির নাম অভিভাবক নির্ধারণ করবেন, কেবল ওই সকল ব্যক্তি ছাত্র/ছাত্রীর সঙ্গে দেখা করতে পারবেন ও অভিভাবকের অনুপস্থিতিতে বাড়ি নিয়ে যেতে পারবেন।

৫। অভিভাবক বা নির্ধারিত ব্যক্তিগণ কোনভাবেই ছাত্রাবাসের কক্ষে ঢুকতে পারবেন না।

৬। ছাত্রাবাসে থাকাকালীন ছাত্র-ছাত্রীর কেবল প্রাথমিক চিকিৎসা ব্যতীত অন্য কোন চিকিৎসার দায়ভার কর্তৃপক্ষ নেবে না।

৭। ছাত্রাবাসে ছুটি ছাড়া বাড়ির প্রয়োজনে ছুটির জন্য অভিভাবককে লিখিত আবেদন করতে হবে।

ছাত্র-ছাত্রীদের যে সকল জিনিসপত্র আনতে হবে

১। ট্রাংক (২ ফিট) — ১ টি, থালা- ১ টি, গ্লাস - ১ টি, বাটি - ১ টি, বালতি - ১ টি, জলের বোতল - ১ টি, স্নানের মগ - ১ টি, চটি - ১ জোড়া।

২। প্রার্থনার জন্য - শ্রীমদ্ভগবদ্ গীতা - ১ টি।

ছাত্র — ধুতি, সাদা গেঞ্জি, সাদা পাঞ্জাবি (কোন নকশা বা কাজ থাকবেনা), সাদা রঙের উত্তরীয়।

ছাত্রী — সাদা চুড়িদার, সাদা ওড়না।

৩। বিছানা পত্র — মশারি, তোষক, সতরঞ্চি, পাতলা বালিশ, মাদুর ও অন্যান্য সবকিছু (একজন ঘুমাবে সেই মতো)

৪। ব্রাশ, জিভছিলা, টুথপেস্ট, তেল, সাবান অবশ্যই আনতে হবে।

৫। ছাত্র / ছাত্রীর কোন অসুখ থাকলে তা নির্দিষ্ট কর্তৃপক্ষকে জানাতে হবে ও প্রয়োজনীয় ঔষধ খেলে তা আনতে হবে।

ছাত্রাবাসে পাঠাবেন না

১. কোন দামি অলঙ্কার (সোনা, রূপা ইত্যাদি), টাকা।


২. মোবাইল বা যেকোনো বৈদ্যুতিক যন্ত্র।

৩. যে কোন প্রকার পারফিউম।

শ্রেণী অনুযায়ী বিদ্যালয়ের আসন সংখ্যার বিবরণ

ক্লাস	আসন সংখ্যা
Infant	20
KG. 1	20
KG. 2	25
I	25
II	20
III	15
IV	15
V	35
VI	10
VII	10
VIII	10
IX	10

বিদ্যালয়ের ছাত্রাবাসের আসন সংখ্যা- ৫১টি



সফলতার গল্প পড়োনা কারণ তা থেকে তুমি শুধু বার্তা পাবে, ব্যর্থতার গল্প পড় সফল হওয়ার কিছু ধারনা পাবে।

..... এ. পি. জে. আব্দুল কালাম

PAYMENT STRUCTURE

Yearly Payment details (Only School)			
Purpose	**Class**	**For new Students**	**For old Students**
Admission Fee	Infant to IV	2000	X
	V	3000	3000
	VI to VIII	2500	X
	IX	3500	3500
Session & others Fee (Only School)			
Infant to KG-II		2800	2800
I to IV		3800	3800
V to VIII		4810	4650
IX to X		5000	5000

Monthly Payment details (Only School)	
Class	Fees
Infant, KG-I, KG-II	420
One and Two	470
Three & four	500
Five	800
Six	850
Seven	900
Eight	950
Nine	1000
Ten	1100

Payment Structure details (Only Hostel)			
Purpose	**Class**	**New Students**	**Old Students**
Admission Fee (Yearly)	All Class	1500	X
Electric Charge (Yearly)	All Class	2400	2400
Bed Rent(Yearly)	All Class	2400	2400
Monthly Fees	I & II	3350	3350
	III & IV	3850	3850
	V to VIII	3900	3900
	IX & X	4000	4000

টাকা মাটি মাটি টাকা। .... শ্রী রামকৃষ্ণ

